গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং – ৩২.০০.০০০০.০৪১.২৫.০০৫.১৯.১৫৯ তারিখ : ২০/০৬/২০২৩ খ্রি:

বিষয়:- নাটোর জেলার পরিদর্শন প্রতিবেদন ।
সূত্র : ৩২.০০.০০০০.০১৮.২৫.০১৫.১৩.১৭ তারিখ- ১১ জানুয়ারী ২০২৩

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী গত ২০/০৫/২০২৩ হতে ২২/০৫/২০২৩ তারিখ পযন্ত নাটার জেলার মহিলা বিষয়ক অধিদপ্তরের কাযালয় ও এর আওতাধীন ভিডব্লিউবি, কিশোর-কিশোরী ক্লাব, সেলাই মেশিন, মা ও শিশু সহায়তা কর্মসূচি, আইজিএ এবং জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির কাযালয় পরিদর্শন করি। পরির্শন প্রতিবেন অত্র সাথে সংযুক্ত করা হলো।

২০/৬/২০২৩
মোসা: সালমা আকতার
সহকারী সচিব (শিশু শাখা)

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: যুগ্মসচিব (বাজেট ও অডিট)

সদয় অবগতি ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা ।

৩। মহাপরিচালক,বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক , শাহবাগ,ঢাকা ।

৪। যুগ্মসচিব (প্রশাসন) , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

প্রোগ্রামার
২০/৬/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

**উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোর জেলা এর পরিদর্শন প্রতিবেদনঃ**

| | | |
|---|---|---|
| ০১. দপ্তরের নাম | : | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নাটোর |
| ০২. দপ্তরে রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য | : | মোট জনবল ০৬ জন।<br>০১ জন প্রোগ্রাম অফিসার( উপপরিচালকের দায়িত্ব পালন করছেন)<br>০১ জন হিসাব রক্ষক কাম-ক্রেডিট সুপারভাইজার<br>০১ জন প্রশিক্ষক<br>০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>০১ জন অফিস সহায়ক |
| (ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা | : | ০৬ জন |
| (খ) শূণ্য পদের সংখ্যা | : | ০১ জন (উপপরিচালকের পদটি শূণ্য) |
| ০৩. দপ্তরে প্রকল্পের আওতায় কর্মরত মোট জনবলের সংখ্যা | : | (১) জীবিকায়নের মাধ্যমে দক্ষতাবৃদ্ধিমুলক প্রকল্পের ০৫ জন<br>(২) কিশোর-কিশোরী ক্লাব প্রকল্পের ০২ জন |
| ০৪. অফিস ভবনে মালিকানার ধরণ | : | ভাড়া |
| ০৫.নিজস্ব ভবন না হলে ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে প্রচেষ্টা/উদ্যোগ প্রসংগে | : | ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে জেলা প্রশাসক, নাটোর এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| ০৬.বর্তমান এ দপ্তরর আওতায় চলমান কাযক্রম/প্রকল্প সমূহের বিবরণ (লক্ষ্যমাত্রা/অর্জন) | : | |
| ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি সমূহ | : | ভিডব্লিউবি, মা ও শিশু সহায়তা কর্মসূচি, ক্ষুদ্র  ঋণ, সেলাই মেশিন, স্বেচ্ছাসেবী সমিতির অনুদান ও জীবিকায়নের মাধ্যমে দক্ষতাবৃদ্ধিমুলক প্রকল্প। |
| খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প সমূহ | : | উপজেলা পযায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ) ও কিশোর-কিশোরী ক্লাব। |
| ০৭.বর্তমান এ দপ্তরে বিদ্যমান সমস্যা সমূহ | : | জনবল সংকট রয়েছে। অফিসের আসবাবপত্র পুরাতন । |
| ০৮. সমস্যা সমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ | : | দ্রুত জনবল নিয়োগ এবং নতুন আসবাবপত্র ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা |
| ০৯.অফিস ব্যবস্থাপনা (ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা) | : | ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। |
| ১০. অন্যান্য (যদি থাকে) | : | অডিট আপত্তি নেই। |

মোসাঃ সালমা আকতার
সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## মাঠ পর্যায়ে ভিডব্লিউবি এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন :

| | | |
|---|---|---|
| সরেজমিনে পরিদর্শনের তারিখ | : | ২২/০৫/২০২৩ |
| কর্মকর্তার নাম ও পদবী | : | মোসা: সালমা আকতার<br>সহকারী সচিব (শিশু সুরক্ষা শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়,ঢাকা |
| সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম | : | ভিডব্লিউবি কর্মসূচি |
| সরেজমিনে পরিদর্শনের স্থান | : | ৪ নং লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়<br><br>নাটোর সদর, নাটোর |

**সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ** :

২২/০৫/২০২৩ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় নাটোর জেলার সদর উপজেলার ভিডব্লিউবি এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করি। কাযক্রমটি ৪ নং লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। পরিদর্শনকালীন সময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অ: দা) শারমিন শাপলা, হিসার রক্ষক-ক্রেডিট সুপারভাইজার নিতাইচন্দ্র প্রামানিক, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নুরুজ্জামান কালু, ইউনিয়ন পরিষদ সচিব ফিরোজ খান, অত্র এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ এবং অত্র ইউনিয়নের ১৯৭ জন কার্ডধারী উপকারভোগী উপস্থিত ছিলেন। তাদের মাঝে ৩০ কেজি চাল বিতরণ করা হয়। কাযক্রমটি ২৪ মাস মেয়াদী। কাযক্রমটি শুরু হয়েছে জানুয়ারী ২০২৩ এবং সমাপ্ত হবে ডিসেম্বর ২০২৪ সালে । মে ২০২৩ পযন্ত চাল বিতরণ সম্পন্ন হয়েছে। ১৯৭ জন কার্ডধারী উপকারভোগীদের বিপরীতে কোন ব্যাংক একাউন্ট খোলা হয়নি। উপকারভোগীদের প্রশিক্ষণের জন্য এনজিও নির্বাচন করা হয়নি। উপপরিচালক (অ: দা:) শারমিন শাপলা জানান যে, ভিডব্লিউবি কাযক্রমে অত্র জেলায় ১৪,৩১৭ জন দরিদ্র অসহায় ও দু:স্থ গ্রামীণ মহিলা রয়েছে।

**সুপারিশ/মন্তব্য** :

(১) অত্র ইউনিয়নের ১৯৭ জন কার্ডধারী উপকারভোগীদের বিপরীতে দ্রুত ব্যাংক একাউন্ট খোলার পরামর্শ প্রদান করা হয়;

(২) দ্রুত এনজিও নির্বাচন করে উপকারভোগীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা : যাতে তারা প্রশিক্ষণ গ্রহণ করে আয়বৃদ্ধিমূলক ও জীবন দক্ষতা উন্নয়নে ভূমিকা রাখতে পারে।

Salm

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## মাঠ পর্যায়ে কিশোর-কিশোরী ক্লাব এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন :

| | | |
|---|---|---|
| সরেজমিনে পরিদর্শনের তারিখ | : | ২২/০৫/২০২৩ |
| কর্মকর্তার নাম ও পদবী | : | মোসা: সালমা আকতার<br>সহকারী সচিব (শিশু সুরক্ষা শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়,ঢাকা |
| সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম | : | কিশোর-কিশোরী ক্লাব এর কার্যক্রম |
| সরেজমিনে পরিদর্শনের স্থান | : | লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>নাটোর সদর, নাটোর |

**সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ** :

২২/০৫/২০২৩ খ্রি: তারিখ দুপুর ১১.০০ ঘটিকায় নাটোর জেলার সদর উপজেলার কিশোর-কিশোরী ক্লাব এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করি। কাযক্রমটি লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিচালিত হচ্ছে। পরিদর্শনকালীন সময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অ: দা) শারমিন শাপলা, হিসার রক্ষক-ক্রেডিট সুপারভাইজার নিতাইচন্দ্র প্রামাণিক, স্কুলের প্রধান শিক্ষক ওয়াহিদ মৃধা সহ ক্লাবের অন্যান্য কর্মকর্তা ও কিশোর-কিশোরীবৃন্দ উপস্থিত ছিলেন।

এই কাযক্রম ০১ বছর। অত্র ক্লাবে ১০ হতে ১৯ বছর বয়সী কিশোর-কিশোরীগণকে শারীরিক ও মানসিক বিকাশে জেন্ডার বেইজড ভায়েলেন্স প্রতিরোধে সক্ষম করে তোলা হচ্ছে। ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর রয়েছে। পরিদর্শনকালে ক্লাবের কিশোর-কিশোরীবৃন্দ যৌতুক, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মাদকাসক্তি , নারী-পুরুষের সমান মর্যাদা ও অধিকার বিষয়ক বিভিন্ন সমাজসচেতনতা বিষয়ক তথ্য বিনিময় , নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ক হটলাইন (১০৯) সেবা, নারী পুরুষের ন্যূনতম বৈবাহিক বয়সসীমা ইত্যাদি বিভিন্ন বিষয়ে তথ্য আদান প্রদান করা হয়। ক্লাবের কিশোর-কিশোরীগণ আবৃত্তি, সংগীত সহ দেশজ সংস্কৃতি বিষয়ক বিভিন্ন উপস্থাপনা পরিবেশন করে। উপপরিচালক (অ: দা:) শারমিন শাপলা জানান যে, অত্র জেলায় ৬০ টি ক্লাবে ১৮০০ জন কিশোর-কিশোরীকে সেবা দেওয়া হবে।

**সুপারিশ/মন্তব্য** :

ক্লাবের কিশোর-কিশোরীদের বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মাদকাসক্তি, নারী-পুরুষের সমান মর্যাদা ও অধিকার এবং দেশীয় সংস্কৃতির বিভিন্ন তথ্য ও প্রশিক্ষণের আদান-প্রদান তাদেরকে দেশের সুনাগরিক হিসাবে গড়ে তুলতে সহায়ক ভূমিকা রাখছে মর্মে প্রতীয়মান হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## মাঠ পর্যায়ে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ সরেজমিনে পরিদর্শন :

| | | |
|---|---|---|
| সরেজমিনে পরিদর্শনের তারিখ | : | ২২/০৫/২০২৩ |
| কর্মকর্তার নাম ও পদবী | : | মোসা: সালমা আকতার<br>সহকারী সচিব (শিশু সুরক্ষা শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়,ঢাকা |
| সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম | : | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ |
| সরেজমিনে পরিদর্শনের স্থান | : | নাটোর ট্রেনিং ইন্সটিটিউট, বঙ্গজল, নাটোর |

**সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ :**

২২/০৫/২০২৩ খ্রি: তারিখ দুপুর ০১.০০ ঘটিকায় নাটোর জেলার সদর উপজেলার উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ সরেজমিনে পরিদর্শন করি। প্রশিক্ষণকার্যক্রমটি নাটোর ট্রেনিং ইন্সটিটিউট, বঙ্গজল, নাটোরে অনুষ্ঠিত হয়। পরিদর্শনকালীন সময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অ: দা) শারমিন শাপলা, হিসার রক্ষক-ক্রেডিট সুপারভাইজার নিতাইচন্দ্র প্রামাণিক, জেলা কোডিনেটর, প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। এই প্রশিক্ষণটি ৩ মাস ব্যাপী । ৩৬০ ঘন্টা করে প্রশিক্ষণ দেওয়া হয়। মোট ৬ টি ব্যাচে ১৮০ জনকে প্রশিক্ষন দেওয়া হচ্ছে । প্রশিক্ষণের বিষয় কম্পিউটার এবং মোবাইল সার্ভিসিং ও রিপিয়ারিং।

**সুপারিশ/মন্তব্য :**

কারিকুলাম অনুযায়ী সুন্দর ও মনোরম পরিবেশে প্রশিক্ষণ কাযক্রম পরিচালিত হচ্ছে। বর্তমান সময়ের জন্য উক্ত প্রশিক্ষণ খুবই যুগোপযোগী এবং উক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ উপকৃত হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## মাঠ পর্যায়ে মা ও শিশু সহায়তা কর্মসূচি সরেজমিনে পরিদর্শন :

| | | |
|---|---|---|
| সরেজমিনে পরিদর্শনের তারিখ | : | ২২/০৫/২০২৩ |
| কর্মকর্তার নাম ও পদবী | : | মোসা: সালমা আকতার<br>সহকারী সচিব (শিশু সুরক্ষা শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়,ঢাকা |
| সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম | : | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| সরেজমিনে পরিদর্শনের স্থান | : | ৪ নং লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়, নাটোর সদর, নাটোর |

**সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ** :

২২/০৫/২০২৩ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় নাটোর জেলার সদর উপজেলার মা ও শিশু সহায়তা কর্মসূচি সরেজমিনে পরিদর্শন করি। কার্যক্রমটি ৪ নং লক্ষ্মীপুর খোলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। পরিদর্শনকালীন সময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অ: দা) শারমিন শাপলা, হিসার রক্ষক-ক্রেডিট সুপারভাইজার নিতাইচন্দ্র প্রামাণিক, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নুরুজ্জামান কালু, ইউনিয়ন পরিষদ সচিব ফিরোজ খান, মো: আমিনুল ইসলাম (নিরব), উদ্যোক্তা এবং অত্র ইউনিয়নের ১১ জন কার্ডধারী উপকারভোগী উপস্থিত ছিলেন। প্রতিমাসে ৮০০/- টাকা হারে ৩ বছর মেয়াদে এই ভাতা প্রদান করা হবে ।

**সুপারিশ/মন্তব্য** :

দ্রুত এনজিও নির্বাচন করে উপকারভোগীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## সেলাই মেশিন বিতরণ কার্যক্রমঃ

| | | |
|---|---|---|
| সরেজমিনে পরিদর্শনের তারিখ | : | ২২/০৫/২০২৩ |
| কর্মকর্তার নাম ও পদবী | : | মোসা: সালমা আকতার<br>সহকারী সচিব (শিশু সুরক্ষা শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়,ঢাকা |
| সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম | : | সেলাই মেশিন বিতরণ |

**সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ** :

সেলাই মেশিন স্টক রেজিস্টার যাচাই-বাছাই করে দেখা যায় যে,২০২১-২২ অর্থবছরে নাটোর জেলা কার্যালয়ে মোট ৩৫টি সেলাই মেশিন বরাদ্দ পাওয়া যায়। ৩৫টি সেলাই মেশিন বরাদ্দ বিতরণ করা হয়েছে।

**সুপারিশ/মন্তব্য** :

৩৫টি সেলাই মেশিন বিতরণ করায় নাটোর জেলা কার্যালয়ের সকলকে ধন্যবাদ দেয়া হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

**জাতীয় মহিলা সংস্থা ,নাটোর জেলা কাযালয়, নাটোর এর পরিদর্শন প্রতিবেদনঃ**

| | | |
|---|---|---|
| ০১. দপ্তরের নাম | : | জাতীয় মহিলা সংস্থা ,নাটোর জেলা কাযালয়, নাটোর, |
| ০২. দপ্তরে রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য | : | মোট জনবল ০৫ জন।<br>০১ জন জেলা কর্মকর্তা<br>০১ জন মাঠ সমন্বয়কারী<br>০১ জন সাঁট মদ্রাঃ কাম কম্পিউটার অপারেটর<br>০১ জন বয়স্ক শিক্ষা প্রশিক্ষক<br>০১ জন অফিস সহায়ক |
| (ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা | : | ০৫ জন |
| (খ) শূণ্য পদের সংখ্যা | : | নাই |
| ০৩. দপ্তরে প্রকল্পের আওতায় কর্মরত মোট জনবলের সংখ্যা | : | |
| ০৪. অফিস ভবনে মালিকানার ধরণ | : | ভাড়া |
| ০৫.নিজস্ব ভবন না হলে ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে প্রচেষ্টা/উদ্যোগ প্রসংগে | : | ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে জেলা প্রশাসক, নাটোর এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| ০৬.বর্তমান এ দপ্তরর আওতায় চলমান কাযক্রম/প্রকল্প সমূহের বিবরণ (লক্ষ্যমাত্রা/অর্জন) | : | |
| ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি সমূহ | : | সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ |
| খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প সমূহ | : | (১) জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) (২) তৃণমূল পযায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩) তথ্য আপা প্রকল্প |
| ০৭.বর্তমান এ দপ্তরে বিদ্যমান সমস্যা সমূহ | : | অফিসের আসবাবপত্র পুরাতন । |
| ০৮. সমস্যা সমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ | : | নতুন আসবাবপত্র ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা |
| ০৯.অফিস ব্যবস্থাপনা (ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা) | : | ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। |
| ১০. অন্যান্য (যদি থাকে) | : | অডিট আপত্তি নেই। |

মোসাঃ সালমা আকতার
সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

## বাংলাদেশ শিশু একাডেমি, নাটোর জেলা এর পরিদর্শন প্রতিবেদনঃ

| | | |
|---|---|---|
| ০১. দপ্তরের নাম | : | বাংলাদেশ শিশু একাডেমি, নাটোর |
| ০২. দপ্তরে রাজস্ব বাজেটের আওতায় জনবলের তথ্য | : | মোট জনবল ০৫ জন। বর্তমানে কর্মরত ০৩ জন<br>০১ জন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা<br>০১ জন ডাটা এন্ট্রি অপারেটর<br>০১ জন অফিস সহায়ক |
| (ক) মোট অনুমোদিত জনবলের সংখ্যা | : | ০৫ জন |
| (খ) শূণ্য পদের সংখ্যা | : | ০২ জন (লাইব্রেরীয়ান কাম মিউজিয়াম কীপার ও নিরাপত্তা প্রহরী) |
| ০৩. দপ্তরে প্রকল্পের আওতায় কর্মরত মোট জনবলের সংখ্যা | : | নাই |
| ০৪. অফিস ভবনে মালিকানার ধরণ | : | ভাড়া |
| ০৫.নিজস্ব ভবন না হলে ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে প্রচেষ্টা/উদ্যোগ প্রসংগে | : | ভবন নির্মাণের লক্ষ্য জমি প্রাপ্তির বিষয়ে জেলা প্রশাসক, নাটোর এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| ০৬.বর্তমান এ দপ্তরর আওতায় চলমান কাযক্রম/প্রকল্প সমূহের বিবরণ (লক্ষ্যমাত্রা/অর্জন) | : | |
| ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি সমূহ | : | (১)সাংস্কৃতিক প্রশিক্ষণ(২) শিশু বিকাশে প্রাথমিক শিক্ষা (৩) পুস্কক প্রদর্শনী, বই বিক্রয় ও লাইব্রেরী সেবা (৪) জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগীতা (৫) জাতীয় শোক দিবস (৬) মৌসুমী প্রতিযোগিতার আয়োজন (৭) বিশ শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ (৮) শেখ রাসেল এর জন্মবার্ষিকী পালন (৯)শিশুদের শিক্ষা সফর (১০) মহান স্বাধীনতা দিবস উদযাপন ইত্যাদি কর্মসূচি। |
| খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প সমূহ | : | নাই |
| ০৭.বর্তমান এ দপ্তরে বিদ্যমান সমস্যা সমূহ | : | জনবল সংকট রয়েছে। অফিসের আসবাবপত্র পুরাতন । |
| ০৮. সমস্যা সমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ | : | দ্রুত জনবল নিয়োগ এবং নতুন আসবাবপত্র ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা |
| ০৯.অফিস ব্যবস্থাপনা (ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা) | : | ক্যাশ রেজিস্টার, ষ্টক রেজিষ্টার, ই-নথি ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। |
| ১০. অন্যান্য (যদি থাকে) | : | ০১ টিঅডিট আপত্তি রয়েছে, যা চলমান। |

মোসাঃ সালমা আকতার
সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার